# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৬৩

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ সাহায্যপ্রার্থীকে খালি হাতে ফেরত না দিয়ে উপস্থিত যে কোন কিছু দিয়ে বিদায় করার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ لِلْمَرْءِ بِأَنْ لَا يَرُدَّ السَّائِلَ إِذَا سَأَلَهُ بِأَيِّ شَيْءٍ حَضَرَهُ

আরবী

3363 - أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ زَيْدِ بن أسلم عن ابن بجيد الأنصاري ثم الحارثي عَنْ جَدَّتِهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (رُدُّوا السَّائِلَ وَلَوْ بظلف مُحْرَقٍ)
الراوي : أُمّ بُجَيْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3363 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1467).
قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (رُدُّوا السَّائِلَ) قَصْدُ زَجْرٍ بِلَفْظِ الْأَمْرِ: يُرِيدُ بِهِ: لَا تَرُدُّوا السَّائِلَ إِلَّا بِشَيْءٍ وَلَوْ بِظِلْفٍ مُحْرَقٍ

বাংলা

৩৩৬৩. হারেসী রহিমাহুল্লাহ তার দাদী থেকে হাদীস বর্ণনা করেছেন, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “পশুর একটা পোড়ানো খুর দিয়ে হলেও তা দিয়ে সাহায্যপ্রার্থীকে বিদায় করবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য, “তোমরা সাহায্য প্রার্থীকে ফিরিয়ে দিবে” এই আদেশের মাধ্যমে নিষেধ উদ্দেশ্য। অর্থাৎ তোমরা সাহায্য প্রার্থীকে কোন কিছু না দিয়ে ফিরিয়ে দিবে না, যদিও সেটা পশুর একটা পোড়ানো খুর হয়।”

ফুটনোট

[1] আবূ দাঊদ: ১৬৬৭; তিরমিযী: ৬৬৫; নাসাঈ: ৫/৮৬; মুসনাদ আহমাদ: ৩/৩৮২-৩৮৩; সুনান বাইহাকী:

৪/১৭৭; সহীহ ইবনু খুযাইমাহ: ২৪৭৩; হাকিম: ১/৪১৭; আত তায়ালিসী: ১৬৫৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১১১; ইমাম বুখারী, আত তারীখুল কাবীর: ৫/২৬২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৪৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92696

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন